

আল-ফাজর | Al-Fajr | الْفَجْرُ

আয়াতঃ ৮৯ : ২৯

আরবি মূল আয়াত:

فَادْخُلِي فِي عِبَادِي ﴿٢٩﴾

অনুবাদসমূহ:

অতঃপর আমার বান্দাদের মধ্যে शामिल হয়ে যাও। — আল-বায়ান

অতঃপর আমার (নেক) বান্দাদের মধ্যে शामिल হও — তাইসিরুল

অতঃপর তুমি আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও, — মুজিবুর রহমান

And enter among My [righteous] servants — Sahih International

২৯. অতঃপর আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও(১),

(১) প্রশান্ত আত্মাকে সম্বোধন করে বলা হবে, আমার বিশেষ বান্দাদের কাতারভুক্ত হয়ে যাও এবং আমার জান্নাতে প্রবেশ কর। এ আদেশ হতে ইঙ্গিত পাওয়া যায় যে, জান্নাতে প্রবেশ করা নেককার সৎ বান্দাদের অন্তর্ভুক্ত হওয়ার ওপর নির্ভরশীল। তাদের সাথেই জান্নাতে প্রবেশ করা যাবে। এ কারণেই সুলাইমান আলাইহিস সালাম দোআ প্রসঙ্গে বলেছিলেন, (وَأَدْخِلْنِي بِرَحْمَتِكَ فِي عِبَادِكَ الصَّالِحِينَ), “এবং আপনার অনুগ্রহে আমাকে আপনার সৎকর্মপরায়ণ বান্দাদের शामिल করুন।” [সূরা আন-নামল: ১৯] অনুরূপভাবে ইউসুফ আলাইহিস সালামও দো'আ করতে গিয়ে বলেছিলেন, (وَأَلْحِقْنِي بِالصَّالِحِينَ), “আর আমাকে সৎকর্মপরায়ণদের সাথে মিলিয়ে দিন” [সূরা ইউসুফ: ১০১] এমনকি ইবরাহীম আলাইহিস সালামও দোআ করে বলেছিলেন, (رَبِّ هَبْ لِي حُكْمًا وَأَلْحِقْنِي بِالصَّالِحِينَ), “হে আমার রব! আমাকে প্রজ্ঞা দান করুন এবং আমাকে সৎকর্মপরায়ণদের সাথে মিলিয়ে দিন।” [সূরা আশ-শু'আরা: ৮৩] এতে বোঝা গেল, সৎসংসর্গ একটি মহা নেয়ামত, যা নবী-রাসূলগণও উপেক্ষা করতে পারেন না।

তাফসীরে জাকারিয়া

২৯। সুতরাং তুমি আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও।

-

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন